FEB. 04 2002

তারিখ ...
পৃষ্ঠা 7 কলাম 6

# পাঠ্যপুস্তকে ইতিহাস বিকৃতি গোপালগঞ্জ আদালতে মামলা দায়ের

মোজাম্মেল হোসেন মুন্না, গোপালগঞ্জ থেকে ॥ অষ্টম শ্রেণীর পাঠ্যপুস্তক "সাহিত্য কণিকা"র ১১১ পৃষ্ঠায় "স্বাধীনতা যুদ্ধে স্মরণীয় যারা ঃ জিয়াউর রহমান" শীর্ষক প্রবন্ধে ইতিহাস বিকৃতির অভিযোগে রবিবার

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## পাঠ্যপুস্তকে ইতিহাস

(প্রথম পাতার পর)

গোপালগঞ্জের সহকারী জজ রত্নেশ্বর ভট্টাচার্যের আদালতে মামলা দায়ের করা হয়েছে। মামলায় আসামী করা হয়েছে শিক্ষা সচিব, টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান ও প্রবন্ধকার কাজী সিরাজউদ্দিনসহ ৬ জনকে। মামলার বাদী হয়েছেন আওয়ামী যুবলীগ, গোপালগঞ্জ জেলা শাখার সভাপতি মুক্তিযোদ্ধা শেখ মোহাম্মদ ইউসুফ আলী ও বেগম ঝর্ণা রহমান। মামলা দায়েরকালে বাদীপক্ষে আদালতে বক্তব্য উপস্থাপন করেন সিনিয়র এ্যাডভোকেট কাজী আব্দুর রশিদ ও এ্যাডভোকেট আতিয়ার রহমান মুন্সী। মামলার আরজিতে বাদীগণ ঐ পাঠ্যপুস্তকের ১১১ পৃষ্ঠায় [illegible] বাহিনীর সুপ্রীম কমান্ডার ও রাষ্ট্রপ্রধান হিসাবে চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র থেকে ১৯৭১ সালের ২৬ মার্চ মেজর জিয়াউর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছিলেন"- মর্মে যে মিথ্যা ও বানোয়াট তথ্য সন্নিবেশিত করা হয়েছে তা বাদ দেয়া ও পাঠ্যপুস্তকটি নিষিদ্ধ ঘোষণা